

নমুনা চুক্তিনামা

চুক্তিনামা সহযোগিতা চুক্তিপত্র (Contract Agreement)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে-

----- প্রথম পক্ষ

এএসএম শফিউল আলম তালুকদার, সহকারী প্রকল্প পরিচালক (উপসচিব)
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প,
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

----- দ্বিতীয় পক্ষ

প্রধান শিক্ষকের নাম:-----

-----প্রাথমিক বিদ্যালয়

মোবাইল নম্বর:-

ই-মেইল:-

উপজেলা: -----, জেলা: -----।

সহকারী প্রকল্প পরিচালক “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প” আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ এবং প্রধান শিক্ষক, -----প্রাথমিক বিদ্যালয়, উপজেলা: -----, জেলা: ----- এর মধ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে এই চুক্তি সম্পাদিত হল:-

:- শর্তাবলী:-

১ম পক্ষ (কর্মসূচী কর্তৃপক্ষ) কর্তৃক করণীয়:

- ১) ০১টি ল্যাপটপসহ কন্টেন্ট, ১টি এলইডি টিভি এবং ০২টি কম্পিউটার টেবিল ও ০২টি চেয়ার এর সমন্বয়ে একটি শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম স্থাপন করা হবে।
- ২) প্রকল্প দপ্তর/ আইসিটি অধিদপ্তর/ আইসিটি বিভাগ/ প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং উপজেলা/ জেলা প্রশাসন ইত্যাদি থেকে বিভিন্ন সময়ে শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম পরিদর্শন ও মনিটরিং করা হবে।
- ৩) শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম এর সামনে একটি করে ডিজিটাল প্রিন্টেড সাইনবোর্ড স্থাপন করা হবে।



২য় পক্ষ (নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান) কর্তৃক করণীয়ঃ

- ১। স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের দায়িত্বে ব্যবহৃত হবে এবং ক্লাশরুমটি পরিচালনা, সংরক্ষণ ও মেরামতের সকল দায়িত্ব পালন করবে। কোন ইকুপমেন্ট বা তাঁর যন্ত্রাংশ বিকল হলে প্রাতিষ্ঠানিক ব্যয়ে তাৎক্ষণিক মেরামত করবে।
- ২। ডিজিটাল ক্লাশরুমটি পরিচালনা সার্বিক দায়িত্বে থাকবেন সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক। তিনি বিদ্যালয় পরিচালনা কমিটির সহযোগিতায় ডিজিটাল ক্লাশরুমটি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের সার্বিক দায়িত্ব পালন করবেন।
- ৩। প্রতিষ্ঠানের সকল শ্রেণীর শিক্ষার্থী এবং শিক্ষকগণ নিয়মিত ডিজিটাল ক্লাশরুমটি ব্যবহার করতে পারবেন।
- ৪। ডিজিটাল ক্লাসরুমে বিদ্যালয়ের সকল শিক্ষার্থী প্রতি সপ্তাহে বিভিন্ন বিষয়ে সুবিধাজনক সময়ে যুক্তিসঙ্গত সংখ্যক ক্লাস করবে।
- ৫। সরকারের স্বার্থ সংশ্লিষ্ট কোন কাজে ডিজিটাল ক্লাশরুমটি ব্যবহারের প্রয়োজন হলে সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয় জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।
- ৬। ডিজিটাল ক্লাশরুমের সকল প্রকার ইকুপমেন্টস (কম্পিউটার ও LED TV সহ অন্যান্য) ও সকল আসবাবপত্রের হিসাব সংরক্ষণের জন্য প্রধান শিক্ষক নিয়মানুযায়ী স্টক রেজিস্টারে লিপিবদ্ধ ও সংরক্ষণ করবেন।
- ৭। প্রধান শিক্ষক ডিজিটাল ক্লাশরুমের সার্বিক নিরাপত্তা ও পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বৈদ্যুতিক নিরাপত্তা ও রক্ষণাবেক্ষন ব্যবস্থা নিশ্চিত করবেন।
- ৮। ডিজিটাল ক্লাশরুমের জন্য নির্ধারিত কম্পিউটারসহ সরঞ্জামাদি কোন অবস্থাতেই ডিজিটাল ক্লাশরুমের বাইরে ব্যবহার করা যাবে না। তবে বিশেষ প্রয়োজনে ল্যাপটপ/ এলইডি টিভি প্রধান শিক্ষক ও উপজেলা শিক্ষা অফিসারের অনুমতি সাপেক্ষে ডিজিটাল ক্লাশরুমের বাইরে ব্যবহার করা যাবে।
- ৯। ডিজিটাল ক্লাশরুমে সরকার নির্ধারিত পাঠদান সময়ের বাইরে মাল্টিমিডিয়া বিষয়ক শিক্ষা/ প্রশিক্ষণের ব্যবস্থা করা যাবে।
- ১০। সরকার (বিশেষত শিক্ষা মন্ত্রণালয়) কর্তৃক নির্ধারিত নীতিমালা অনুসরণ করে ডিজিটাল ক্লাশরুম পরিচালিত হবে।
- ১১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রণীত ১ম থেকে ৫ম শ্রেণীর ২১টি পাঠ্য পুস্তকের ইন্টার অ্যাক্টিভ ডিজিটাল কন্টেন্ট যা জাতীয় শিক্ষাক্রম পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত ইন্টার অ্যাক্টিভ ডিজিটাল কন্টেন্ট (digitalcontent.ictd.gov.bd) ডাউনলোড করে ব্যবহার করতে হবে।



অত্র চুক্তিনামা পড়ে ইহার মর্মার্থ অনুধাবন করে অন্যের বিনা প্ররোচনায় স্বজ্ঞানে স্বাক্ষীগণের উপস্থিতিতে স্বাক্ষর করলাম।

১ম পক্ষ

২য় পক্ষ

এএসএম শফিউল আলম তালুকদার
সহকারী প্রকল্প পরিচালক (উপসচিব)

(.....)
প্রাথমিক বিদ্যালয় প্রধান

উপজেলা:-----, জেলা:-----

স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ

স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ,

১।

১। প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

২।

২। জেলা/ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

৩।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা/ আইসিটি) (সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

